Comunità di SANT'EGIDIO
Genti di Pace

ইতালিয় সরকার ইউরোপীয় ইউনিয়নের একটি আইনকে ( Direttiva 2009/52/CE ) নিজেদের আইনে পরিনত করেছে যেখানে জরিমানা এবং বড় ধরনের শাস্তির বিধান রাখা হয়েছে কাজের মালিকদের যারা অবৈধ বিদেশীদের কাজ করায় ইতালিতে !

**বিশেষভাবে শাস্তির পরিমান বৃদ্ধি পাবে :**

১. যদি কোন মালিকের ৩ জনের বেশি অবৈধ কাজের লোক থাকে!

২. যদি অপ্রাপ্ত বয়স্কদের দ্বারা কাজ করায়!

৩. যদি তাদেরকে বিশেষ মানবেতর অবস্থায় নিজের স্বার্থে ব্যবহার করে!

৪. যদি কোন বিশেষ কাজের মাধ্যমে কোন শ্রমিককে শোষণ করে (art.603 bis del Codice di procedura penale) অর্থ্যাত কোন কাজ বিশেষভাবে চিহ্নিত করে হিংস্র আচরণের জন্য,শাস্তি বা আঘাতদানের ভয় প্রদর্শন করে এবং একটি নুন্যতম মুল্য দেয় যা কাজের চুক্তি থেকে অনেক কম,আইন দ্বারা নির্ধারিত সময়ের চাইতে কাজ করায় অনেক বেশী, ইত্যাদি!

কোন বিদেশী শ্রমিক তার মালিকের বিরুদ্ধে মামলা করতে পারবে এবং মামলা প্রক্রিয়া চলাকালে পুলিশ ও বিচার কাজে সার্বিক সহায়তা করলে ( può essere rilasciato un permesso di soggiorno per motivi umanitari di sei mesi che può essere rinnovato per un anno ) ৬ মাসের জন্য মানবিক সর্জণ্য পেতে পারে যা পরবর্তীতে ১ বছরের জন্য নবায়ন করা যাবে! আর এই নিয়ম প্রয়োগ করার জন্য অক্টোবরের শেষ পর্যন্ত অপেক্ষা করতে হবে একটি সঠিক নোটিশের জন্য যেখানে একটি ঘোষনাপত্রের মাধ্যমে সব নিয়ম নির্ধারিত থাকবে!

## Norma transitoria/Ravvedimento Operoso ( স্বল্পকালীন আইন/সংস্কার কর্মপরায়ন)

মাননীয় মন্ত্রী **Andrea Riccardi** (per la Cooperazione Internazionale e l'integrazione) সরকারের কাছে একটি প্রস্তাব পেশ করে এবং এই প্রস্তাবটি সংসদে সর্বসম্মতিভাবে গৃহীত হয় যেখানে একটি অস্থায়ী আইনের মাধ্যমে মালিকদের জরিমানা ও শাস্তি পরিহার করবে যাতে করে নন কমুনিটির কাজের লোকদের বৈধ করার সুযোগ পায়!

**আবেদনপত্র জমা দেওয়ার তারিখ নির্ধারণ করা হয় সেপ্টেম্বরের ১৫ তারিখ থেকে অক্টোবরের ১৫ তারিখ পর্যন্ত!**

## Chi può presentare la domanda (কে আবেদন করতে পারবে ):

১. ইতালিয়ান মালিক!

২. ইতালিতে রেসিডেন্সধারী ইউরোপীয় ইউনিয়নভুক্ত যেকোন দেশের মালিক!

৩. নন ইউরোপীয় দেশের সেসব মালিক যাদের permesso di soggiorno per lungo residenti, ex-carta di soggiorno আছে!

মালিকদের অবশ্যই একটি নুন্যতম বাতসরিক আয় লাগবে কাজের লোক নিয়োগ করার জন্য যা সেপ্টেম্বর মাসের প্রথম দিকের দিনগুলোতে একটি ঘোষণা আসবে এবং তাতে নির্ধারিত থাকবে!উল্লেখ্য যে, ২০০৯ সালে বাতসরিক আয় চাওয়া হয়েছিল ২০.০০০ ইউরো !

## Chi non può presentare la domanda ( কে আবেদন করতে পারবে না ):

১. যে সব ব্যক্তি অবৈধ ইমিগ্রেশনে সহায়তা সংক্রান্ত অপরাধের সাথে জড়িত,পতিতাবৃত্তিতে সহায়তা করে ও বাচ্চাদের পাচার কাজে সাহায্য করে !

২. যে সব ব্যক্তি কাজের লোকদের নিজের স্বার্থে ব্যবহার বা শোষণের জন্য দন্ডিত হয়েছে !

৩. যে সব ব্যক্তির এখনও পূর্ববর্তী নিয়মিতকরনের (regolarizzazione delle precedenti emersioni) এবং flussi-র প্রক্রিয়ার কাজ সম্পন্ন হয়নি !

**Rapporto di lavoro ( কাজের নিয়োগ পদ্ধতি ):**

কাজের চুক্তিপত্র (contratto di lavoro) অবশ্যই ৩ মাস আগে থেকে দেখাতে হবে আবেদনপত্র উপস্থাপনের সময় অর্থ্যাত কমপক্ষে জুনমাস ২০১২ থেকে এবং ঐ ৩ মাস আগে থেকে অবশ্যই চুক্তিপত্র কার্যকর দেখিয়ে আবেদনপত্র দাখিল করতে হবে! সব ধরনের কাজ থেকেই (Tutte le tipologie di lavoro) নিয়মিত (regolarizzare) করতে পারবে! যেমন-Edilizia-নির্মানকাজ,Agricoltura-কৃষিকাজ,Commercio-ব্যবসায় এবং Industria-শিল্পখাতে, a tempo pieno(আইন দ্বারা নির্ধারিত সময় অর্থ্যাত সর্বনিম্ন ৩৬ ঘন্টা সপ্তাহে). আর বাসাবাড়ির-domestic কাজের জন্য সপ্তাহে সর্বনিম্ন ২০ ঘন্টার চুক্তি-Contratto দেখিয়ে নিয়মিত করার আবেদন করতে পারবে!

**Contributo richiesto (আবেদনের জন্য ফি-এর পরিমান ):**

১. অক্টোবরের ১৪ তারিখর মধ্যে ১০০০ ইউরো পরিশোধ-da pagare করতে হবে, আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে, সম্ভবত সেপ্টেম্বরের প্রথম থেকে ফি জমা নেওয়া শুরু হতে পারে!

২. নিয়মিতকরনের (regolarizzazione) পূর্বে কমপক্ষে ৬ মাসের ফি-contributi relativi al periodo precedente প্রদান করতে হবে! উদাহরনস্বরুপ, বাসাবাড়ির-domestic কাজের জন্য ফি পরিশোধ করতে হবে প্রায় ৬৫০ ইউরো! প্রত্যেক ধরনের কাজের জন্য আলাদা আলাদা ফি লাগবে! ফি প্রদানের রসিদ অবশ্যই(La ricevuta del pagamento dei contributi) উপস্থাপন বা দেখাতে হবে যখন চুক্তিপত্রে সই (Fermare il contratto) করার জন্য ডাকা হবে!অতএব ডিসেম্বর ২০১২ এর পূর্বে ডাকা হবে না !

**Chi può essere assunto ( কে কাজে নিয়োগ পেতে পারে ):**

যে সব অধিবাসীরা ইউরোপীয় ইউনিয়নের বাইরের দেশের (Cittadini non comunitari) তারা ইতালিতে ৩১ শে ডিসেম্বর ২০১১ এর আগে থেকে বসবাস করছেন ! ঐ তারিখের পূর্বে থেকে ইতালিতে আছেন তা অবশ্যই সরকারি সংস্থা ( Organismi pubblici) থেকে কোন সার্টিফিকেট বা ডকুমেন্ট দ্বারা প্রমান করতে হবে! যেমন- Tessera S.T.P. rilasciata da ospedali e Asl- এস.টি.পি. কার্ড যা হাসপাতাল বা স্থানীয় স্বাস্থ্যকেন্দ্র থেকে,Ricette-রসিদসমূহ, Certificati medici ospedalieri-মেডিকেল সার্টিফিকেট,Timbro di ingresso sul passaporto senza timbro di uscita-ইতালিতে প্রবেশের সময় পাসপোর্টের উপর সিল কিন্ত বের হওয়ার সিল থাকলে চলবে না, Permessi di soggiorno scaduti-মেয়াদ উত্তীর্ন হওয়া সর্জণ্য,Decreto di espulsione-বহিস্কার আদেশ, Carte di identità scaduta-মেয়াদ উত্তীর্ন হওয়া কার্তা দি ইদেনতিতা, Multe nominative e datate-তারিখসহ জরিমানার রেজিষ্টার্ড কাগজ, Certificati di studio rilasciati da università e scuole pubbliche-সরকারি বিশ্ববিদ্যালয় ও স্কুলের সনদপত্র. আগষ্টমাসের শেষের দিকে আর একটি ঘোষনা আসবে যেখানে সর্বশেষ প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে ও কি ডকুমেন্ট লাগবে আবেদন করার জন্য তা পরিস্কারভাবে জানা যাবে!

**Chi non può essere assunto ( কে কাজে নিয়োগ পেতে পারবে না ):**

১.দেশের আইন ও নিরাপওাহীনতার কারনে ইউরোপীয় ইউনিয়নের বাইরের দেশের যেসব ব্যক্তিকে বহিস্কারের আদেশ করা হয়েছে!

২. যেসব ব্যক্তির ৩ বছরের বেশী সাজা হয়েছে !

৩. যেসব ব্যক্তি ইতালির বাইরে ইউরোপীয় ইউনিয়নের ভিতর অন্য যেকোন দেশে বহিস্কৃত হয়েছে !

**উপরের ২ নং ও ৩ নং বিষয়ের ব্যাপারে খুবই গুরুত্বের সাথে মূল্যায়ন করবে!**

**রোমা, ২৬.০৭.২০১২**

সব ধরনের তথ্যের জন্য

gentidipace@santegidio.org Tel-3342585284